গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-১ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর ৫৯.০০.০০০০.১১৪ ০৬.০২০.১৭.৮৫

তারিখ: ০৩ আষাঢ় ১৪২৮ / ১৭ জুন ২০২১

**বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জানুয়ারি-মার্চ, ২০২১)**

সূত্র : (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর ০৪.০০.০০০০.৮১.৫৫.০০৩.১৮.১০৭ তারিখ ৩০.০৯.২০২০
(২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগেরস্মারক নম্বর ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১৯.১৯.১৪৭ তারিখ: ১৪.০২.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১-এর অন্তর্গত 'সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তয়ন অগ্রগতি পরিবীক্ষণ' কার্যক্রমটির আওতায় এ বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রণয়নকৃত সেবা প্রদান কার্যক্রম সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জানুয়ারি-মার্চ, ২০২১) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিবীক্ষণ প্রতিবেদন-৫ (পাঁচ) পাতা

১৭/০৬/২০২১
(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব (জনসংখ্য-১)
ও
সদস্য-সচিব
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি

ফোকাল পয়েন্ট
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

[দ: আ: সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ]

স্মারক নম্বর ৫৯.০০.০০০০.১১৪ ০৬.০২০.১৭./৮৫(2)

তারিখ: ০৩ আষাঢ় ১৪২৮ / ১৭ জুন ২০২১

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ) ও আহবায়ক, সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি-এর ব্যক্তিগত কর্মকর্তা. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

১৭/০৬/২০২১
(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব (জনসংখ্য-১)
ও
সদস্য-সচিব
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম সংক্রান্ত**
**<u>ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জানুয়ারি-মার্চ ২০২১)</u>**

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিটিজেনস চার্টার হালনাগাদ ও পরিবীক্ষণের নিমিত্ত গত ১৪ (ফেব্রুয়ারি ২০২১ তারিখ পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন (সংশোধিত) করা হয় (স্মারক নম্বর ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১৯.১৯.১৫৭ তারিখ: ১৪ ফেব্রুয়ারি-২০২১)। উক্ত পুর্নগঠিত কমিটি এবং পূর্বে কমিটি এবিভাগের সিটিজেনস চার্টার কার্যকরভাবে বাস্তবায়নে জানুয়ারি-মার্চ ২০২১ মেয়াদে নিম্নরূপ কার্যক্রম সম্পাদন করেছে;

(১) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর অন্তর্গত 'সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ' কার্যক্রমটির আওতায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিটিজেনস চার্টার অনুযায়ী এ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখার আওতায় নাগরিক সেবা হিসেবে "মেডিকেল/ডেন্টাল কোর্সে বিদেশি ছাত্র-ছাত্রী ভর্তি" এবং " স্নাতকোত্তর বা ডিপ্লোমা ডিগ্রি অর্জনের জন্য প্রেষণ অনুমোদন" শীর্ষক সেবা প্রদান করা হচ্ছে কীনা, তা পরিবীক্ষণের লক্ষ্যে পরিবীক্ষণ কমিটি কর্তৃক উক্ত শাখা পরিদর্শন করা হয়। পরিবীক্ষণ কমিটি কর্তৃক উক্ত শাখা পরিদর্শন সংক্রান্ত পরিবীক্ষণ প্রতিবেদন এতদসংগে সংযুক্ত করা হলো (সংযুক্তি-১)।

(২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিটিজেনস চার্টার হালনাগাদপূর্বক (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও অন্যান্য তথ্যাদি হালনাগাদ) গত ৩১/০৩/২০২১ তারিখ এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। হালনাগাদকৃত সিটিজেনস চার্টার ওয়েবসাইটে আপলোড সংক্রান্ত screenshot-এর কপি এতদসংগে সংযুক্ত করা হলো (সংযুক্তি-২)।

(৩) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২১-এর অন্তর্গত 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ' কাযক্রম-এর আওতায় গত ৩১/০৩/২০২১ তারিখে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। (সভার কাযবিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি-৩)

(মোঃ রবিউল আলম)
উপসচিব (চিকিৎসা শিক্ষা-২)
ও
সদস্য
সিটিজেনস চার্টার পরিবীক্ষন কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব (চিকিৎসা শিক্ষা-১)
ও
সদস্য
সিটিজেনস চার্টার পরিবীক্ষন কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপসচিব(প্রশাসন-১)
ও
সদস্য
সিটিজেনস চার্টার পরিবীক্ষন কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ

(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব (জনসংখ্যা-১)
ও
সদস্য-সচিব
সিটিজেনস চার্টার পরিবীক্ষন কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(শাব্বীর হোসেন)
অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
ও
আহ্বায়ক
সিটিজেনস চার্টার পরিবীক্ষন কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ১৫/০৩/২০২১ তারিখে এ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখা পরিদর্শনপূর্বক পরিবীক্ষণ প্রতিবেদন**

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১৯.১৯.১৫৭ নং স্মারকমূলে গঠিত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের গঠিত সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি ১৫/০৩/২০২১ তারিখে চিকিৎসা শিক্ষা-১ শাখা পরিদর্শন করে। উক্ত শাখার আওতায় এ বিভাগের সিটিজেনস চার্টার-এর অন্তর্গত "মেডিকেল/ডেন্টাল কোর্সে বিদেশি ছাত্র-ছাত্রী ভর্তি" এবং স্নাতকোত্তর বা ডিপ্লোমা ডিগ্রি অর্জনের জন্য প্রেষণ অনুমোদন শীর্ষক সেবা প্রদান কার্যক্রম পরিবীক্ষণ করা হয়।

**২. মেডিকেল/ডেন্টাল কোর্সে বিদেশি ছাত্র-ছাত্রী ভর্তি শীর্ষক সেবা কার্যক্রম পরিবীক্ষণ সংক্রান্ত তথ্যাদি**

২.১ পরিবীক্ষণকালে ২০২০-২০২১ সালে মেডিকেল/ডেন্টাল কোর্সে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে সিটিজেনস চার্টার অনযায়ী সেবা প্রদান করা হচ্ছে মর্মে প্রতীয়মান হয়।

২.২ তবে ছাত্র-ছাত্রী ভর্তির বিস্তারিত প্রক্রিয়া (ধাপ/পর্যায় ভিত্তিক) বুলেট পয়েন্টে সিটিজেনস চার্টারে উল্লেখ করা যেতে পারে। এর ফলে ছাত্র-ছাত্রী ভর্তির পুরো প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা পাবে।

২.৩ ভর্তির পুরো প্রক্রিয়ার সাথে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও আওতাধীন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ছাড়াও বিভিন্ন দেশের বাংলাদেশস্থ দূতবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পৃক্ত বিধায় মাঝে মাঝে সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার (৩০ কার্যদিবস) মধ্যে সেবা কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয় না। তাই বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে বিষয়াদি পর্যালোচনাপূর্বক সময়সীমা পুন:নির্ধারণ করা প্রয়োজন।

**৩. 'স্নাতকোত্তর বা ডিপ্লামা ডিগ্রি অর্জনের জন্য প্রেষণ অনুমোদন' শীর্ষক সেবা কার্যক্রম পরিবীক্ষণ সংক্রান্ত তথ্যাদি**

৩.১ স্নাতকোত্তর বা ডিপ্লোমা ডিগ্রি অর্জনের জন্য প্রেষণ অনুমোদন প্রদানের ক্ষেত্রে সিটিজেন চার্টার অনুয়ায়ী সেবা প্রদান করা হচ্ছে মর্মে প্রতীয়মান হয়।

৩.২ প্রেষণ অনুমোদন প্রদানের প্রক্রিয়ার সাথে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরসহ) এবং স্বাস্থ্য সেবা বিভাগ (স্বাস্থ্য অধিদপ্তরসহ) সম্পৃক্ত। হাসপাতালে কর্মরত চিকিৎসকদের প্রেষণ আবেদন স্বাস্থ্য অধিদপ্তর হতে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণের পর স্বাস্থ্য সেবা বিভাগের মাধ্যমে সেগুলি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করা হয়। অন্যদিকে মেডিকেল কলেজে কর্মরত চিকিৎসকদের আবেদন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করা হয়। পরিবীক্ষণে দেখা যায় যে, প্রচুর সংখ্যক আবেদন জমা হয় বিধায়, মাঝে মাঝে নির্ধারিত সময়ের মধ্যে সকল আবেদন নিষ্পত্তি করা যায় না। উদাহরণস্বরূপ একটি ফরওয়ার্ডিং এর মাধ্যমে ২২.০২.২০২১ তারিখ ২১টি আবেদন স্বাস্থ্য সেবা বিভাগ হতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করা হয়, যা সংশ্লিষ্ট শাখায় ২৮/০২/২০২১ তারিখ প্রাপ্ত হয়। পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ১১/০৩/২০২১ তারিখে নথিতে উপস্থাপন করা হয়, যা অনুমোদন করা হয় ১৫/০৩/২০২১ তারিখ। সরকারি আদেশ জারি করা হয় ১৫/০৩/২০২১ তারিখে। আবেদনকারীগণ ভিন্ন ভিন্ন তারিখে আবেদন করেছেন। একটি ফরওয়ার্ডি এর মাধ্যমে অনেকগুলি আবেদন প্রেরণ করা হয়। তাই বলা যায় যে, সেবা প্রদানের সময়সীমা হিসেবে '১০' কর্মদিবস বাস্তবসম্মত নয়। কর্মদিবস-এর সংখ্যা বৃদ্ধি করে পুন: নির্ধারণ করা যেতে পারে।

## ৪. সুপারিশ

(১) ‘মেডিকেল/ডেন্টাল কোর্সে বিদেশি ছাত্র ছাত্রী ভর্তি’ এবং “স্নাতকোত্তর বা ডিপ্লোমা ডিগ্রি অর্জনে জন্য প্রেষণ অনুমোদন শীর্ষক” সেবার আওতায় ‘সেবা প্রদানের সময়সীমা’ এবং ‘সেবা প্রদান পদ্ধতি’ পর্যালোচনাপূর্বক (ধাপ/পর্যায় ভিত্তিক উল্লেখ করে) হালনাগাদকরণের লক্ষ্যে প্রস্তাবনা পরিবীক্ষণ কমিটির নিকট প্রেরণ করতে হবে।

(২) সেবা গ্রহীতাকে যথাযথভাবে ফলাবর্তন (Feedback) প্রদান নিশ্চিতকরণের ব্যবস্থা করতে হবে।


২৫/০৬/২৩
(মোঃ রবিউল আলম)
উপসচিব (চিকিৎসা শিক্ষা-২)
ও
সদস্য
সিটিজেনস চার্টার পরিবীক্ষন কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২৫/০৬/২৩
(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব (চিকিৎসা শিক্ষা-১)
ও
সদস্য
সিটিজেনস চার্টার পরিবীক্ষন কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ

২৫/৬/২০২৩
(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপসচিব(প্রশাসন-১)
ও
সদস্য
সিটিজেনস চার্টার পরিবীক্ষন কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ

২৫/০৬/২০২৩
(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব (জনসংখ্যা-১)
ও
সদস্য-সচিব
সিটিজেনস চার্টার পরিবীক্ষন কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২৫/০৬/২০২৩
(শাব্বীর হোসেন)
অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
ও
আহ্বায়ক
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ






Text size a A A Color c c c c

# সিটিজেন চার্টার

| ক্রমিক | শিরোনাম | প্রকাশের তারিখ | ডাউনলোড |
|---|---|---|---|
| ১ | সিটিজেন চার্টার | 31-03-2021 | PDF |

Share with :

মাননীয় মন্ত্রী



**জনাব জাহিদ মালেক**
মাননীয় মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্ব...

বিস্তারিত

সচিব



**মোঃ আলী নূর**
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ...

বিস্তারিত

হট লাইন

জাতীয় স্বাস্থ্য সেবার সমস্যা ও সমাধান সম্পর্কে আপনার মতামত **সরাসরি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অবহিত করতে** এখানে ক্লিক করুন-

**১০৬ (দুদকের হটলাইন)**
**৩৩৩ (সরকারি তথ্য সেবা)**
**১৬৭৬৭ (সুখী পরিবার)**
**১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)**
**১০৯০ (দুর্যোগের আগাম বার্তা)**
**১০৫ (জাতীয় পরিচয়পত্র তথ্য কল সেন্টার)**
**১৬১০৮ (মানবাধিকার সহায়ক কল সেন্টার)**

অভ্যন্তরীণ ই-সেবাসমূহ

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১-এর অন্তর্গত 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গৃহীতাদের অবহিতকরণ' কার্যক্রম-এর আওতায় গত ৩১/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ৩১/০৩/২০২১, বিকাল ৩.০০টা |
| সভাপতি | : | শাব্বীর হোসেন, অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ) ও আহ্বায়ক, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| সভার স্থান | : | ভার্চুয়াল প্ল্যাটফর্ম (জুম মিটিং) |

সভাপতি ভার্চুয়াল প্ল্যাটফর্ম (জুম মিটিং উপস্থিত)-এ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সিটিজিনস চার্টার বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ কার্যক্রম-এর গুরুত্ব তুলে ধরে সংশ্লিষ্ট সকলকে সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ যথাযথভাবে প্রদানে আন্তরিক হবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। অত:পর সভাপতি মহোদয় পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব জনাব এস, এম, আহসানুল আজিজ, উপসচিব (জনসংখ্যা-১)-কে এজেন্ডাভিত্তিক সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

২. আলোচনা:

২.১ সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব বলেন যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর সিটিজেন চার্টার সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে সিটিজেন চার্টার বিষয়ে অবহিত করার লক্ষ্যে আজকের সভাটি অনুষ্ঠিত হচ্ছে। পর্যায়ক্রমে অন্যান্য অধিদপ্তরকে সম্পৃক্ত করে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হবে মর্মে তিনি জানান।

২.২ সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিটিজেনস চার্টার-এর অন্তর্গত বিভিন্ন ধরণের সেবা (নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা) সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়। বিশেষ করে এসকল সেবার মধ্যে নিপোর্ট-এর সাথে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-সংশ্লিষ্ট সেবাসমূহ সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদান নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকল পক্ষের করণীয় কী সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় উপস্থিত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটির সদস্যবৃন্দ, যুগ্মসচিব (প্রশাসন) এবং নিপোর্ট-এর প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে মতামত ব্যক্ত করেন। সভায় উপস্থিত নিপোর্ট-এর প্রতিনিধি সিটিজেন চার্টার অনুয়ায়ী সেবা প্রদান পদ্ধতি ও সময়সীমা বিবেচনায় নিয়ে সেবা কার্যক্রম পরিচালনা করা হবে মর্মে সভায় অভিমত প্রকাশ করেন।

৩. **সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনাশেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিটিজেন চার্টার-এর আওতায় জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর সাথে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ সংশ্লিষ্ট সেবাসমূহ নির্ধারিত পদ্ধতি ও সময়সীমা বিবেচনায় নিয়ে নির্ধারিত সময়ের মধ্যেই উক্ত সেবাসমূহ প্রদানে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট থাকবেন।

৩.২ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর-এর সিটিজেন চার্টার-এ বর্ণিত সেবা প্রদান কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করতে হবে। সময়ে সময়ে সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে।

৪. সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৪/২০২১

(শাব্বীর হোসেন)
অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ)
ও
আহ্বায়ক, সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ